

## গ্রিসে ফোকাল ফেস্টে বাংলাদেশের পহেলা বৈশাখ

- A Monitor Desk Report

Date: 18 February, 2025



**এখেত্ৰ : ‘গ্রিক গান রিসার্চ সেন্টার’ কর্তৃক ১৩তম ‘ফোকাল ফেস্ট-ফেস্টিভ হ্যাপেনিংস: লাইফ অ্যান্ড পারফরম্যান্স’ অনুষ্ঠানে বাংলাদেশের পহেলা বৈশাখ উদযাপন করা হয়েছে। ১৫ ও ১৬ ফেব্রুয়ারি দুই দিনব্যাপী এ উৎসব উদযাপন করা হয়।**

অনুষ্ঠানে বিভিন্ন দেশের অংশগ্রহণের পাশাপাশি গ্রিসে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের তত্ত্বাবধানে ‘বাংলাদেশ দোয়েল সাংস্কৃতিক সংগঠন’ এর শিল্পীরা পহেলা বৈশাখ উদযাপন উপস্থাপন করেন।

বিশেষ এই সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশের ঐতিহ্যবাহী সংস্কৃতির মনোমুগ্ধকর পরিবেশনা করা হয়। দোয়েল’র শিল্পী নুসরাত জাহান স্নেহাসহ কয়েকজন দেশীয় গান, বাঁশির সুর ও নৃত্য পরিবেশন করেন।

প্রবাসের বৃক্কে আন্তর্জাতিক এমন উৎসবে নিজ দেশের অংশগ্রহণ ও দেশীয় সংগীতে মেতে উঠেছিলেন উপস্থিত প্রবাসী বাংলাদেশিরা। এসময় উপস্থিত ছিলেন গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত নাহিদা রহমান সুমনা, দূতাবাসের প্রথম সচিব রাবেয়া বেগম ও দোয়েল সাংস্কৃতিক সংগঠনের নেতারা। দুই দিনব্যাপী এ উৎসবে প্রত্যেক দেশ তাদের নিজস্ব সংস্কৃতি তুলে ধরে।

-B